

১৪. ইউসুফ (আঃ)-এর বাবাকে এক পর্যায়ে “শায়খ কাবীর” অর্থাৎ অতি বৃদ্ধি ব্যক্তি বলা হয়েছে। মুসা (আঃ) হবু শশুড়কেও বলা হয়েছিল “শায়খ কাবীর”।

Yusuf: “He has father, a Shaikh Kabeer”

Musa: “Our father is a Shaikh Kabeer”

قَالُوا يَا أَيُّهَا الْعَزِيزُ إِنَّ لَهُ أَبًا شَيْخًا كَبِيرًا ১২:৭৮ ওরা বললে -- "ওহে প্রধান! এর পিতা আছেন, অত্যন্ত বুড়ো মানুষ,....

قَالَتَا لَا نَسْقِي حَتَّىٰ يُصَدَرَ الرَّعَاءُ ۖ وَأَبُونَا شَيْخٌ كَبِيرٌ ২৮:২৩ .... তারা বললে -- "আমরা পানি খাওয়াতে পারছি না যে পর্যন্ত না রাখালরা সরিয়ে নিয়ে যায়, আর আমাদের আব্বা খুব বুড়ো মানুষা”

শায়খ কাবীর এই বাক্যাংশটি কুরআন মাজিদে শুধু এই দুই জায়গায় ব্যবহৃত হয়েছে, যা ইউসুফ (আঃ) এবং মুসা (আঃ) সংক্রান্ত। সুরা ইউসুফের ৭৮ নং আয়াতে ভাইয়েরা বেনি আমিনের মুক্তির জন্য তাদের বাবাকে “শায়খ কাবীর” বলে ইউসুফ (আঃ)-কে আবেগগত ভাবে প্রভাবিত করতে চেয়েছিল।

অন্যদিক মহিলাদ্বয় তাদের বাবার ব্যাপারে “শায়খ কাবীর” বলে নিজেদের উক্ত কাজে (মেষ প্রতিপালন) নিয়োজিত হবার কারণ ব্যাখ্যা করছিল দৃঢ়তার সাথে।

“শায়খ কাবীর” বলতে অনেকসময় গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব বোঝায়। এখানে সেই অর্থও বিবেচনা করা যেতে পারে।

১৫. ইউসুফ (আঃ) তাঁর প্রতিপক্ষ ১০ ভাইদের সাথে সর্বশেষ মোকাবিলার পূর্বে তাঁর অনুগত ছোট ভাইয়ের সাথে পুনর্মিলিত হয়েছিলেন। মুসা (আঃ) ফিরাউনকে মোকাবিলার আগে তাঁর ভাই হারুণ (আঃ)-এর সাথে পুনর্মিলিত হয়েছিলেন।

Yusuf: Reunited with brother before confrontation.

Musa: Reunited with Haroon before confrontation.

১৬. ইউসুফ (আঃ) তাঁর ছোটভাই বেনি আমিনকে সাপোর্ট দিয়েছিলেন। অন্যদিকে মুসা (আঃ)-এর ভাই হারুণ (আঃ) তাঁকে সাপোর্ট দিয়েছিলেন।

Yusuf: He is supported to Binyameen

Musa: Haroon is support to him.

وَلَمَّا دَخَلُوا عَلَىٰ يُوسُفَ آوَىٰ إِلَيْهِ أَخَاهُ ۚ قَالَ إِنِّي أَنَا أَخُوكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ১২:৬৯ আর তারা যখন ইউসুফের দরবারে প্রবেশ করল তাঁর ভাইকে তিনি নিজের সঙ্গে রাখলেন, তিনি বললেন -- "আমিই তোমার ভাই, সুতরাং তারা যা করে তাতে দুঃখ করো না”

আল্লাহ যখন মুসা (আঃ)-কে ফিরাউনের কাছে যেতে বললেন তখন তিনি আল্লাহ্‌র কাছে তাঁর ভাই হারুণ (আঃ)-কে সহযোগী হিসেবে দেয়ার জন্য আবেদন করেছিলেন।

وَاجْعَلْ لِّي وَزِيرًا مِّنْ أَهْلِي ۚ ۲۹ هَارُونَ أَخِي ۚ ۳০ اشدُّدْ بِهِ أُرْرِي ۚ ۳১ وَأَشْرِكُهُ فِي أَمْرِي ۚ ۳২ كَيْ نَسْبِحَكَ كَثِيرًا ۚ ২০:২৯

"আর আমার স্বজনদের মধ্যে থেকে আমার জন্য একজন সাহায্যকারী নিয়োগ করে দাও – ৩০. "আমার ভাই হারুণকে, ৩১. "তাকে দিয়ে আমার কোমর মজবুত করে দাও, ৩২. "এবং তাকে জুড়ে দাও আমার কাজে, ৩৩. "যাতে আমরা তোমার মহিমা কীর্তন করতে পারি প্রচুরভাবে,

১৭. ইউসুফ (আঃ)-এর পরামর্শ রাজা শুনেছিল এবং আমলে নিয়েছিল। মুসা (আঃ) পরামর্শ ফিরাউন গ্রহণ করেনি, নাকচ করেছিল।

Yusuf: Counsel heeded by king

Musa: Counsel rejected by king.

ইউসুফ (আঃ)-এর পরামর্শ রাজা শুনেছিলেন। কারণ সেটা তাদের দুনিয়াবি বিষয়ক ছিল। ফিরাউন মুসা (আঃ) এর পরামর্শ অগ্রাহ্য করেছিল যেহেতু সেগুলো ছিল পরকাল সংক্রান্ত।

উস্তাদ নুমান আলী খাঁনের সূরাত ইউসুফ-এর উপর তাফসীর আলোচনা থেকে সংকলিত, রমাদ্বান ১৪৪১

১৮. ইউসুফ (আঃ)-এর পরামর্শগুলো মিশরের জনগনের দুনিয়াবি কল্যাণ নিশ্চিত করেছিল। মুসা (আঃ) মিশরের জনগনের পরকালের কল্যাণের জন্য পরামর্শ দিয়েছিলেন।

Yusuf: Advice ensured Egypt's worldly well being

Musa: Advice would ensure Egypt's salvation

১৯. ইউসুফ (আঃ) যা নিয়ে এসেছিলেন তা মিশরের রাজার রাজত্বকে রক্ষা করেছিল। মুসা (আঃ) যা নিয়ে এসেছিলেন তা মিশরের ফিরাউনের রাজত্বের অবসান ঘটিয়েছিল।

Yusuf: Brought with him what saved kingdom.

Musa: Brought with him what ended kingdom.

২০. ইউসুফ (আঃ)-এর ভাই বেনি আমিন তাঁকে সাপোর্ট দিচ্ছিলেন কিন্তু নিরব ছিলেন। মুসা (আঃ)-এর ভাই হারুণ (আঃ) নিরবভাবে তাঁকে সমর্থন দিয়েছিলেন।

Yusuf: Binyameed helpful by staying silent

Musa: Haroon remained silent support though eloquent

বেনি আমিনকে ইউসুফ (আঃ) কাছে টেনে নিলেন এবং তাকে নিরব থাকতে বললেন এবং বেনি আমিনের কোনো বক্তব্য কুরআনে নেই।

إِنِّي أَنَا أَخُوكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ১২:৬৯ ..... তিনি বললেন -- "আমিই তোমার ভাই, সুতরাং তারা যা করে তাতে দুঃখ করো না।"

অন্যদিকে হারুণ (আঃ) মুসা (আঃ)-কে সাপোর্ট দিয়েছেন কিন্তু তাঁর বক্তব্যের তেমন উল্লেখ নেই।

২১. মিশরের রাজা ইউসুফ (আঃ)-কে আপন করে নিয়েছিল। ফিরাউন মুসা (আঃ)-কে নিজ হাতে হত্যার হুমকি দিয়েছিল।

Yusuf: "I will keep him for myself," said the king

Musa: "Let me kill him myself", said the king.

وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصُهُ لِنَفْسِي ১২:৫৪ আর রাজা বললেন -- "তাঁকে আমার কাছে নিয়ে এস, আমি তাঁকে আমার নিজের জন্য একান্তভাবে গ্রহণ করব।"

وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى وَلْيَدْعُ رَبَّهُ ৪০:২৬ আর ফিরাউন বলল -- "আমাকে ছেড়ে দাও যাতে আমি মুসাকে বধ করতে পারি, আর সে তার প্রভুকে ডাকতে থাকুক,

২২. ইউসুফ (আঃ) তাঁর আগ্রাসী ভাইদের বিপরীতে বিচারকের আসনে অধিষ্ঠ হয়েছিলেন। আগ্রাসী ফিরাউন মুসা (আঃ)-এর বিচারের উদ্যোগ নিয়েছিল।

Yusuf: Yusuf in the judge, aggressors on trial

Musa: Aggressor in the judge, Musa on trial

প্রথম ক্ষেত্রে একজন নাবী বিচার করছেন আগ্রাসীদের এবং দ্বিতীয় ক্ষেত্রে একজন আগ্রাসী একজন নাবীর বিচার করার চেষ্টা করছে।

২৩. ইউসুফ (আঃ) তাঁর ভাইদের স্মরণ করিয়ে দিয়েছেন তারা কী করেছিল। ফিরাউন মুসা (আঃ)-কে তাঁর অতীত অপরাধের কথা স্মরণ করিয়েছিল।

Yusuf: Reminds them of what they did.

Musa: Reminds Musa of what he did.

১২:৮৯ قَالَ هَلْ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوسُفَ وَأَخِيهِ إِذْ أَنْتُمْ جَاهِلُونَ ﴿٨٩﴾ তিনি বললেন -- "তোমরা কি জানো ইউসুফ ও তার ভাইয়ের প্রতি তোমরা কি করেছিলে যখন তোমরা ছিলে বিবেচনাহীন?"

২৬:১৮ قَالَ أَلَمْ نُرَبِّكَ فِينَا وَلِيدًا وَلَبِثْتَ فِينَا مِنْ عُمُرِكَ سِنِينَ ﴿١٨﴾ وَفَعَلْتَ فَعَلَتِكَ الَّتِي فَعَلْتَ وَأَنْتَ مِنَ الْكَافِرِينَ ﴿١٩﴾ সে বললে -- "তোমাকে কি ছেলেবেলায় আমাদের কাছেই লালনপালন করি নি, এবং তুমি কি আমাদেরই মধ্যে তোমার জীবনের বহু বৎসর কাটাও নি? ১৯. "আর তোমার কাজ যা তুমি করেছ তা তো করেইছ, তথাপি তুমি অকৃতজ্ঞদের মধ্যকার!"

২৪. ইউসুফ (আঃ)-এর কাহিনীতে আক্ষরিকভাবে বানী ইসরাইল অর্থাৎ ইসরাইল (আঃ)-এর সন্তানগণ ছিল আগ্রাসী। অন্যদিকে মুসা (আঃ)-এর কাহিনীতে বানী ইসরাইল জাতি ছিল আগ্রসনের ভুক্তভুগি।

Yusuf: Sons of Israel are the aggressors.

Musa: Sons of Israel are the victims.

২৫. ইউসুফ (আঃ)-এর ভাইয়েরা সেজদায় লুটিয়ে পড়ল। ফিরাউনের দরবারে যাদুকরগণ সিজদায় লুটিয়ে পড়ল।

Yusuf: The brothers fall in sajda

Musa: The magicians fall in sajda

ভাইয়েরা ইউসুফ (আঃ) এর উত্থান এবং এর ফলশ্রুতিতে তাদের উদ্ধার প্রাপ্তির বিষয়টিতে আল্লাহ'র নিদর্শন প্রত্যক্ষ করেছিল এবং তাতে অভিভূত হয়ে সবাই সেজদাবনত হয়েছিল।

১২:১০০ وَرَفَعَ أَبُويِهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوا لَهُ سُجَّدًا ۖ وَقَالَ يَا أَبَتِ هَذَا تَأْوِيلُ رُؤْيَايَ مِنْ قَبْلُ قَدْ جَعَلَهَا رَبِّي حَقًّا ﴿١٠٠﴾ আর তিনি তাঁর পিতামাতাকে উচ্চাসনে বসালেন, আর তাঁর কারণে তাঁরা সিজদারত হলেন। তখন তিনি বললেন, "হে আমার আব্বা! এটিই আমার পূর্বকার দৈবদর্শনের তাৎপর্য, আমার প্রভু তা সত্যে পরিণত করেছেন।

যাদুকররা আল্লাহ'র নিদর্শন প্রত্যক্ষ করে সিজদাবনত হয়েছিল এবং ঈমান এনেছিল।

২৬:৪৬ فَأَلْقَى السَّحْرَةَ سَاجِدِينَ ﴿٤٦﴾ قَالُوا آمَنَّا بِرَبِّ الْعَالَمِينَ ﴿٤٧﴾ رَبِّ مُوسَى وَهَارُونَ ﴿٤٨﴾ ২৬:৪৬ তখন যাদুকররা লুটিয়ে পড়ল সিজদাবনত হয়ে, ৪৭ তারা বললে, "আমরা ঈমান আনলাম বিশ্বজগতের প্রভুর প্রতি, -- ৪৮ "যিনি মুসা ও হারুনেরও প্রভু।"

আল্লাহ'র অলৌকিক নিদর্শন দেখা এবং অনুধাবনের পর উভয় ক্ষেত্রে সিজদা অনুষ্ঠিত হয়েছিল।